




নিষেধাজ্ঞা তুলে নেওয়ার দাবিতে রংপুরে ছাত্রলীগের ঝটিকা মিছিল



সংগৃহীত ছবি

রংপুরে নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবিতে ঝটিকা মিছিল করেছে নিষিদ্ধ ঘোষিত সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের নেতাকর্মীরা। ঢাকা-রংপুর মহাসড়কে অনুষ্ঠিত এ মিছিলের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে।

শুক্রবার (৫ জুন) দুপুরে রংপুর মহানগরীর লক্ষণপাড়া এলাকায় এ ঘটনা ঘটে বলে জানিয়েছে স্থানীয় সূত্র ও পুলিশ। পরে রাতে বিষয়টি নিশ্চিত করেন রংপুর মেট্রোপলিটন পুলিশের তাজহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আতাউর রহমান।

প্রত্যক্ষদর্শীরা জানান, ২০ থেকে ২৫ জন নেতাকর্মী হঠাৎ করে মহাসড়কে মিছিল বের করেন। এ সময় তারা ছাত্রলীগ ও আওয়ামী লীগের ওপর আরোপিত নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানান। মিছিলে 'জয় বাংলা জয় বঙ্গবন্ধু' এবং 'শেখ হাসিনা আসবে, বাংলাদেশ হাসবে' সহ বিভিন্ন স্লোগান দেওয়া হয়।

ভাইরাল হওয়া প্রায় এক মিনিট ৪০ সেকেন্ডের ভিডিওতে দেখা যায়, রংপুর জেলা ছাত্রলীগের ব্যানার নিয়ে মুখে মাস্ক ও মাথায় হেলমেট পরে কয়েকজন যুবক সড়কে মিছিল করছেন। পরে দ্রুত ঘটনাস্থল ত্যাগ করেন তারা।

এ বিষয়ে রংপুর মেট্রোপলিটন কোতয়ালি থানার ওসি আতাউর রহমান বলেন, “জুমার নামাজের সময় ১৫ থেকে ২০ জনের একটি দল মিছিল করেছে। ভিডিও ফুটেজ যাচাই-বাছাই করে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নেওয়া হবে।”